



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/ ৪৫৪

তারিখঃ ২১/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/১০৬৮২; তারিখঃ ২৪/০৯/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলাধীন বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসার বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আছির উদ্দীন মন্ডল ম্যানেজিং কমিটি কর্তৃক গত ইং ২৫/০২/২০১৩খ্রিঃ তারিখে অবৈধভাবে সুপার পদ হতে বরখাস্তকরণের আদেশ বাতিল করার বিষয়ে আবেদন করেন। আবেদনের সাথে মাননীয় সংসদ সদস্য, ৩৪ জয়পুরহাট-১ জনাব সামছুল আলম দুদু এমপি-র একটি ডিও লেটার রয়েছে। ডিও লেটারে জনাব মোঃ আছির উদ্দীন মন্ডলকে স্ব-পদে পুনঃবহাল করার বিষয়ে সুপারিশ করা হয়।

অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ আছির উদ্দীন মন্ডলকে ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে চূড়ান্ত বরখাস্তের কোন কাগজপত্র অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে দাখিল করা হয়নি। জনাব মোঃ আছির উদ্দীন মন্ডলকে সাময়িক বরখাস্ত করার পর কেন দীর্ঘদিন কোন কার্যক্রম গ্রহণ করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য ম্যানেজিং কমিটিকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ আছির উদ্দীন মন্ডলকে সাময়িক বরখাস্ত করার পর কেন দীর্ঘদিন কোন কার্যক্রম গ্রহণ করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটিকে পুনরায় অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


29.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি
বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।



২১/১০/১৭

নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/ ৪৫৪

তারিখঃ ২১/১০/২০১৭খ্রিঃ


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৩. ভারপ্রাপ্ত সুপার, বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।
৪. জনাব মোঃ আছির উদ্দীন মন্ডল, সুপার (সাময়িক বরখাস্তকৃত), বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।


২১/১০/১৭

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪


২১/১০/১৭